রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ২১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৫, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৫—৩৪৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৬৫—৯২৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৩—১১৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ২৯—৪০ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৬১—৬৭৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............................ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৬**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৭ বৈশাখ ১৪২৪/২০ এপ্রিল ২০১৭

**নং ২৫.০০.০০০০.০১৯.০৪.০৮.২০০৫(অংশ)/২৪৫**—রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ ১৯৭৬ এর ১৬ ধারা মোতাবেক রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত ললিতহার ও কালুমেড় মৌজায় নিম্নোক্ত তফসিলভুক্ত ২৯.৩৮২ বিঘা জমি রাউকের মহাপরিকল্পনায় নির্দেশিত ওপেন স্পেস জোন হতে শিক্ষা জোনে নির্দেশক্রমে পরিবর্তন করা হলো :

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| ০১। | ললিতাহার | ৪৫১ | ০.৩৮০০ একর | ১.১৫২ বিঘা |
| ০২। | ললিতাহার | ৪০০ | ০.১২০০ একর | ০.৩৬৪ বিঘা |
| ০৩। | ললিতাহার | ৪৫৭ | ০.১৭৫০ একর | ০.৫৩০ বিঘা |
| ০৪। | ললিতাহার | ৪০২ | ০.১৯১০ একর | ০.৫৭৯ বিঘা |
| ০৫। | ললিতাহার | ৪৬০ | ০.২৩২৫ একর | ০.৭০৫ বিঘা |
| ০৬। | ললিতাহার | ৪৪৯ | ০.১৪৪০ একর | ০.৪৩৬ বিঘা |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| ০৭। | ললিতাহার | ৪৫০ | ০.০৬৭৫ একর | ০.২০৫ বিঘা |
| ০৮। | ললিতাহার | ৪৫৩ | ০.১৭২৫ একর | ০.৫২৩ বিঘা |
| ০৯। | ললিতাহার | ৪৫৮ | ০.৩৬০০ একর | ১.০৯১ বিঘা |
| ১০। | ললিতাহার | ৪৫৭ | ০.১৬৫০ একর | ০.৫০০ বিঘা |
| ১১। | ললিতাহার | ৩৯৯ | ০.১০০০ একর | ০.৩০৩ বিঘা |
| ১২। | ললিতাহার | ৪৫৫ | ০.১২০০ একর | ০.৩৬৪ বিঘা |
| ১৩। | ললিতাহার | ৪৫২ | ০.২৫০০ একর | ০.৭৫৮ বিঘা |
| ১৪। | ললিতাহার | ৪৫৯ | ০.২৯৫০ একর | ০.৮৯৪ বিঘা |
| ১৫। | ললিতাহার | ৩৯৮ | ০.৬১০০ একর | ১.৮৪৮ বিঘা |
| ১৬। | ললিতাহার | ৪৪৯ | ০.০৪৮০ একর | ০.১৪৫ বিঘা |
| ১৭। | ললিতাহার | ৪৫০ | ০.০২২৫ একর | ০.০৬৮ বিঘা |
| ১৮। | ললিতাহার | ৪৫৬ | ০.৪১০০ একর | ১.২৪২ বিঘা |
| ১৯। | ললিতাহার | ৪৬৪ | ০.০৬০০ একর | ০.১৮২ বিঘা |
| ২০। | ললিতাহার | ৪৬২ | ০.১৬৫০ একর | ০.৫০০ বিঘা |
| ২১। | ললিতাহার | ৪৫৩ | ০.০৭৭৫ একর | ০.২৩৫ বিঘা |
| ২২। | ললিতাহার | ৪৫৫ | ০.১২০০ একর | ০.৩৬৪ বিঘা |
| ২৩। | ললিতাহার | ৪৬২ | ০.১৩৫০ একর | ০.৪০৯ বিঘা |
| ২৪। | ললিতাহার | ৩৯৭ | ০.১৩৫০ একর | ০.৪০৯ বিঘা |
| ২৫। | ললিতাহার | ৪৬০ | ০.১৬৫০ একর | ০.৫০০ বিঘা |
| ২৬। | ললিতাহার | ৪০২ | ০.০৮২৫ একর | ০.২৫০ বিঘা |
| ২৭। | ললিতাহার | ৩৯৫ ও ৩৯৬ | ০.৩০০০ একর | ০.৯০৯ বিঘা |
| ২৮। | ললিতাহার | ৩৯৪ | ০.০২৫০ একর | ০.০৭৬ বিঘা |
| ২৯। | ললিতাহার | ৪৬০ | ০.০৮২৫ একর | ০.২৫০ বিঘা |
| ৩০। | ললিতাহার | ৪০১ | ০.১৪০০ একর | ০.৪২৪ বিঘা |
| ৩১। | ললিতাহার | ৪০২ | ০.০৯১০ একর | ০.২৭৬ বিঘা |
| ৩২। | ললিতাহার | ৩৯৪/১৪০৬ | ০.০৯৮০ একর | ০.২৯৭ বিঘা |
| ৩৩। | ললিতাহার | ৪০৩ | ০.৪২০০ একর | ১.২৭৩ বিঘা |
| ৩৪। | ললিতাহার | ৪৬১ | ০.১৪০০ একর | ০.৪২৪ বিঘা |
| ৩৫। | ললিতাহার | ৪৬২ | ০.১৩২৫ একর | ০.৪০২ বিঘা |
| ৩৬। | ললিতাহার | ৪০২ | ০.১৯১০ একর | ০.৫৭৯ বিঘা |
| ৩৭। | ললিতাহার | ৩৯৪ | ০.২৪০০ একর | ০.৭২৭ বিঘা |
| ৩৮। | ললিতাহার | ৪৫০ ও ৪৬৪ | ০.১৪০০ একর | ০.৪২৪ বিঘা |
| ৩৯। | ললিতাহার | ৪০০, ৪৫৯ ও ৩৯৭ | ০.৯২৫০ একর | ২.৮০৩ বিঘা |
| ৪০। | ললিতাহার | ৪৫৪ | ০.১১০০ একর | ০.৩৩৩ বিঘা |
| ৪১। | কালুমেড় | ৩১২ | ০.০৭০০ একর | ০.২১২ বিঘা |
| ৪২। | কালুমেড় | ৩১৬ | ০.০৯০০ একর | ০.২৭২ বিঘা |
| ৪৩। | কালুমেড় | ৩১৪ | ০.৩০০০ একর | ০.৯০৯ বিঘা |
| ৪৪। | কালুমেড় | ৩১৫ | ০.০৬০০ একর | ০.১৮২ বিঘা |
| ৪৫। | কালুমেড় | ৩১৩ | ০.৩০০০ একর | ০.৯০৯ বিঘা |

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | জমির পরিমাণ | |
|---|---|---|---|---|
| ৪৬। | কালুমেড় | ৩১০ | ০.০১০৭০ একর | ০.৩২৪ বিঘা |
| ৪৭। | কালুমেড় | ৩১১ | ০.২৮২০ একর | ০.৮৫৫ বিঘা |
| ৪৮। | কালুমেড় | ৩২০ ও ৩২১ | ০.০৪৪৭ একর | ০.১৩৫ বিঘা |
| ৪৯। | কালুমেড় | ৩২১ | ০.০৮২৫ একর | ০.২৫০ বিঘা |
| ৫০। | কালুমেড় | ৩২০ | ০.১১৮৮ একর | ০.৩৬০ বিঘা |
| ৫১। | কালুমেড় | ৩২০ | ০.১১৫৫ একর | ০.৩৫০ বিঘা |
| ৫২। | কালুমেড় | ৩২০ | ০.০৮২৫ একর | ০.২৫০ বিঘা |
| ৫৩। | কালুমেড় | ৩২১ | ০.০৭০০ একর | ০.২১২ বিঘা |
| ৫৪। | কালুমেড় | ৩১০ | ০.১৩৫০ একর | ০.৪০৯ বিঘা |
| | | মোট | ৯.৬৯৬০ একর | ২৯.৩৮২ বিঘা |

**শ্যামলী নবী**
সিনিয়র সহকারী সচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ বৈশাখ ১৪২৪/১৭ এপ্রিল ২০১৭

**নং ৩৪.০০.০০০০.০৫১.০৪.০০৯..১৭-১৫০**—জনব মোঃ এজাজ মিয়া, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, গফরগাঁও, ময়মনসিংহ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ই) বিধি অনুযায়ী তার মূল বেতন পরবর্তী ০২ (দুই) বছরের জন্য তার বর্তমান স্কেলের ০২ (দুই) ধাপ নিম্নে অবনমিতকরণ দণ্ডে দণ্ডিত করা হয়েছে; এবং

যেহেতু, জনাব মোঃ এজাজ মিয়া, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, গফরগাঁও, ময়মনসিংহ-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আরোপিত দণ্ড মওকুফ সংক্রান্ত আপিলের পরিপ্রেক্ষিতে গত ২৩-০৩-২০১৭খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ এজাজ মিয়া শুনানিতে হাজির হন এবং সরকার পক্ষে জনাব নূর মোহাম্মদ, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয় মামলার Conducting Officer হিসেবে দায়িত্ব পালন করেন;

সেহেতু, শুনানি, নথি পর্যালোচনা এবং সার্বিক বিষয় বিবেচনায় জনাব মোঃ এজাজ মিয়া, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, গফরগাঁও, ময়মনসিংহ-এর আপিল না-মঞ্জুর করা হল এবং তার বিরুদ্ধে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দণ্ড বহাল রাখা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ১০ বৈশাখ ১৪২৪/২৩ এপ্রিল ২০১৭

**নং ৩৩.০০.০০০০.১২৬.১০.০০১.১৬-২৪৯**—যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, “স্বাদু পানি চিংড়ি চাষ সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর আওতায় এল্লারচর, সাতক্ষীরায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমিটরি নির্মাণ কাজের দরপত্র মূল্যায়নের অনিয়মের বিরুদ্ধে ঠিকাদারী প্রতিষ্ঠান আসাদুজ্জামান সেলিম এন্ড কনস্ট্রাকশন এর দরপত্র মূল্যায়নে অনিয়মের অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদনে চূড়ান্তভাবে নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মোনালিসা এর Bank Assurance সনদটি যথাযথ নয় এবং ব্যাংকে অরিজিনাল কপি না পাওয়ায় প্রতীয়মান হয় যে, ব্যাংক কর্তৃপক্ষের যোগসাজসে জালিয়াতির মাধ্যমে এটা তৈরী করে নন-রেসপনসিভ ফার্মকে রেসপনসিভ করা হয়েছে এবং একক কাজের অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও মেসার্স মোনালিসা কে রেসপনসিভ করে কার্যাদেশ দিয়েছেন। তিনি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত উপেক্ষা করে মন্ত্রণালয়ের প্রতিনিধি ব্যতিরেকে দরপত্র মূল্যায়ন কাজ সম্পন্ন করেছেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র মূল্যায়ন করে কার্যাদেশ দেয়ার বিধান থাকলেও সেটা করেননি বিধায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা নং-০৩/২০১৬ রুজু করত: অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়; এবং

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম গত ২৪-০৭-২০১৬ তারিখে তাঁর লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে গত ০৯-০৮-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য শ্রবণ ও উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় জনাব মোঃ রফিকুল ইসলাম এর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ

তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ হামিদুর রহমান কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে আনীত মন্ত্রণালয়ের আদেশ উপেক্ষা করে মন্ত্রণালয়ের প্রতিনিধি ব্যতিরেকে দরপত্র মূল্যায়নের কাজ সম্পন্ন করা, যা সরকারের বৈধ আদেশের বরখেলাপ সংক্রান্ত অভিযোগ সন্দেহের বহির্ভূতভাবে প্রমাণিত এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ বরখেলাপের সামিল, যা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিতে বর্ণিত 'অসদাচরণে' পর্যায়ে পড়ে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (ই) বিধি মোতাবেক স্থায়ীভাবে বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সার্বিক বিষয় বিবেচনায় জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, স্বাদু পানি চিংড়ি চাষ সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকা-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) ধারা অনুযায়ী স্থায়ীভাবে "বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ড প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ, ২৩ চৈত্র ১৪২৩/৬ এপ্রিল ২০১৭

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০১৯.১৫-৭৩**—যেহেতু, জনাব মোহাম্মদ ফেরদৌস, উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর, (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের স্বপক্ষে যথাযথ প্রমাণাদি না থাকায় তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ ফেরদৌস, উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) বিধিমোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
ভারপ্রাপ্ত সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**বহিরাগমন অধিশাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ বৈশাখ ১৪২৪/১৭ এপ্রিল ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৪১.২৫.০২৮.১১-১৮১**—যেহেতু জনাব এস, এম, নজরুল ইসলাম, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম ১০-০১-২০১৭ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিদেশে অবস্থান করছেন;

যেহেতু তার বিনা অনুমতিতে ৬০ (ষাট) দিনের বেশি বিদেশে অবস্থান সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(ডি) অনুসারে "ডিজারশন"-এর শামিল।

সেহেতু জনাব এস, এম, নজরুল ইসলাম, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রাম-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১(১) অনুসারে ১০-০১-২০১৭ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালীন তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী**
সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৩০ চৈত্র ১৪২৩/১৩ এপ্রিল ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৮৫.১৫-৫৫০**—যেহেতু জনাব মোঃ ছালেহ উদ্দিন, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-৭ চট্টগ্রাম) এর বিরুদ্ধে পুলিশ স্টাফ কলেজ ঢাকায় অনুষ্ঠিত Comprehensive Police Case Management কোর্সে অংশগ্রহণ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করা, গত ১৩-১৪/০৯/২০১৫ তারিখ ০২ দিনের সাময়িক ছুটিতে গমণ করে নির্ধারিত সময়ে ব্যাটালিয়নে হাজির না হওয়া, বিভিন্ন প্রশাসনিক ও অপারেশনাল কাজে ব্যাটালিয়ন অধিনায়কসহ অন্যান্য অফিসারগণ ফোন করলে নিয়মিতভাবে ফোন রিসিভ না করা, অধিনায়কের অনুমতি ব্যতিত অফিসার বা পেট্রল পাঠানো নিষেধ থাকা সত্ত্বেও গত ১০-০৯-২০১৫ তারিখে সহকারী পুলিশ সুপার, জনাব মোঃ রুহুল আমিন-কে পেট্রলসহ গোল্ডেন সান গার্মেন্টস এর স্বার্থে উক্ত গার্মেন্টসে অফিসারসহ পেট্রল প্রেরণ করার অভিযোগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.০২.০৮৫.১৫-২৯৭, তারিখ : ০৬-০৩-২০১৬ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করে অত্র মন্ত্রণালয়ের ০৮-০৯-২০১৬ তারিখের ১১৫৪ নম্বর স্মারকে জনাব শেখ রফিকুল ইসলাম, এআইজি (ইউএন এ্যাফেয়ার্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০ নং বিধির বিধান অনুসারে যথাযথভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ ছালেহ উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

৩। এক্ষণে সেহেতু জনাব মোঃ ছালেহ উদ্দিন, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-৭ চট্টগ্রাম) এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধানমতে আনীত অভিযোগসমূহের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৬ বৈশাখ ১৪২৪/১৯ এপ্রিল ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০১৮.১৭-৫৮১**—যেহেতু জনাব মোঃ সাখাওয়াত হোসেন, অতিরিক্ত ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, চট্টগ্রাম এর বিরুদ্ধে তার স্ত্রী ফারজানা শারমিন বাদী হয়ে নিম্নবর্ণিত ০৪(চার) টি মামলা (১) বিজ্ঞ নারী ও শিশু দমন ট্রাইব্যুনাল-২, ঢাকা আদালতে পিটিশন মামলা নং-৪/২০১৭ ধারা-১১(গ) নারী ও শিশু নির্যাতন দমন ২০০০ (সংশোধনী/ ২০০৩), বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত-১৪, ঢাকা এর আদালতে ১৯৮০ সনের যৌতুক নিরোধ আইনের ৪ ধারায় সিআর মামলা নং-৭৫০/২০১৬, (৩) বিজ্ঞ মুখ্য মহানগর হাকিম আদালত ঢাকায় সিআর মামলা নং-২২/২০১৭ ধারা-৪৯৪/৫০৬ দণ্ড বিধি, (৪) বিজ্ঞ জেলা জজ আদালত, ঢাকায় পাঃ আপিল-১৫৬/২০১৬ দায়ের করেন। পিটিশন মামলা নং ০৪/২০১৭ ধারা-১১(গ) নারী ও শিশু নির্যাতন দমন ২০০০ (সংশোধনী/ ২০০৩) সংক্রান্তে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হলে তিনি বিজ্ঞ আদালতে হাজির হয়ে গত ১৩-০২-১৭ তারিখে জামিন লাভ করেন; এবং

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ED (Reg.VII)/S-123/78-115(500), Dated Dacca the 21st November. 1978 এর সিদ্ধান্ত অনুযায়ী জামিন প্রাপ্ত কর্মকর্তা Taken-into custody মর্মে গণ্য হবেন বিধায় তাকে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা সমীচীন।

৩। সেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম (MEMORANDUM NO-ED (Reg.vii)S-123/78-115(500), Dated. Dacca The 21st November, 1978 অনুযায়ী জনাব মোঃ সাখাওয়াত হোসেন, অতিরিক্ত ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, চট্টগ্রাম-কে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। বরখাস্তকালীন সময়ে তিনি পুলিশ অধিদপ্তরে সংযুক্ত থাকবেন।

৪। বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল উদ্দিন আহমেদ**
সচিব।

**আইন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৮ চৈত্র ১৪২৩/১১ এপ্রিল ২০১৭

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৭-১৫৭**—ডিএমপি, ঢাকার আশুলিয়া থানার মামলা নম্বর-২২, তারিখ-০৯-১০-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৭(৪)/ ৮/৯(৩)১০/১১/১২/১৩। গত ০৮-১০-২০১৬ খ্রিঃ তারিখ ডিএমপি, ঢাকার আশুলিয়া থানাধীন বসুন্ধরারটেক মৃধা ভিলা এর ৫ম তলার ডান পার্শ্বের ফ্ল্যাটে আব্দুর রহমান ও শাহনাজ দম্পত্তির বেড রুম, গাজীর চট, ধামসোনা, আশুলিয়া, ঢাকায় আসামী মোছাঃ শাহানাজ আক্তার রুমি (২৯), স্বামী আব্দুর রহমান এর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিদেশী পিস্তল, ০২ রাউন্ড গুলি ভর্তি ০১টি ম্যাগজিন, গুলি, চাপাতি ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন জেএমবির সক্রিয় সদস্য হয়ে নিষিদ্ধ সত্তা সমর্থন করে সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়নের মাধ্যমে অপরাধ সংগঠনের ষড়যন্ত্র, সাহায্য ও সহায়তা, অপরাধ সংঘটনের প্রচেষ্টা ও সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩) এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৭-১৫৮**—ডিএমপি, ঢাকার খিলগাঁও থানার মামলা নম্বর-১৭, তারিখ-১০-০৬-২০১৬ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ১০। গত ১০-০৬-২০১৬ খ্রিঃ তারিখ ডিএমপি, ঢাকার খিলগাঁও থানাধীন দক্ষিণ বনশ্রী কেন্দ্রীয় জামে মসজিদ নং ০১ এর সামনে পাকা রাস্তার উপর ধৃত আসামী মোঃ আব্দুল্লাহ আল জুয়েল (২৭) পিতা-আব্দুল কুদ্দুস এর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-১০ (দশ)টি হিযবুত তাহরীর লিফলেট, ছবি ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী লিফলেট বিতরণের মাধ্যমে অন্যকে নিষিদ্ধ ঘোষিত সংগঠনে যোগদানের আহ্বান করে অপরাধ সংঘটনে ষড়যন্ত্র করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩) এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৭-১৫৯**—ডিএমপি, ঢাকার রমনা মডেল থানার মামলা নম্বর-৩৮, তারিখ-২২-০২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)(অ)৭/১২/১৩। গত ২১-০২-২০১৫ খ্রিঃ তারিখ ডিএমপি, ঢাকার রমনা মডেল থানাধীন নয়াটোলা পুলিশ ফাঁড়ীর সামনে আসামী আহম্মদ হাসান শাহ (৪৮) পিতা-ইসাহাক আলী শাহ ও অন্যান্য আসামীগণের নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-ককটেলের অংশ, পেট্রোল বোমার অংশ ও বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীগণ জামায়াতে ইসলামী ও বিএনপির নেতা পরস্পর যোগ সাজসে সন্ত্রাসী কার্যে অর্থায়ন করে রাষ্ট্রের সার্বভৌমত্ব বিপন্নসহ বৈধ

সরকারকে উৎখাতে পুলিশ ও পথচারীকে হত্যার উদ্দেশ্যে ককটেল/পেট্রোল বোমার বিস্ফোরণ ঘটিয়ে অপরাধ সংঘটনে সাহায্য ও সহায়তা এবং সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগত আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩) এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মমতাজ উদ্দিন**
উপসচিব।

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৬ বৈশাখ ১৪২৪/১৯ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৭-১৭৪**—মানিকগঞ্জ জেলার দৌলতপুর থানার মামলা নম্বর-১০, তারিখ-১৪-১২-১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯(২)(৩)/১২/১৩। গত ১৩-১২-২০১৬ খ্রিঃ তারিখ মানিকগঞ্জ জেলার দৌলতপুর থানাধীন চরকাটারী রোড বাজারস্থ মসজিদের বাহিরে দক্ষিণ পাশে রাস্তার উপর আসামী আব্দুল বাতেন (৬৩), পিতা-মৃত আরশ্বাদ আলী এর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিজবুত তাহরী এর সদস্য হয়ে নিষিদ্ধ সত্তা সমর্থন করে অপরাধ সংঘটনে সাহায্য ও সহায়তা এবং সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৭-১৭৫**—ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া থানার মামলা নম্বর-০৮, তারিখ-১২-০৬-১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৭/১০/১১। গত ১১-০৬-২০১৬ খ্রিঃ তারিখ ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া থানাধীন ফুলবাড়িয়া পৌরসভাস্থ ৭ নং ওয়ার্ড আলহেরো স্কুল সংলগ্ন ধৃত আসামী মোঃ মোতালেব হোসেনের বাসা থেকে ধৃত আসামী মোতালেব হোসেন (৩৮), পিতা-ছমির উদ্দিন এর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-লিফলেট ২০টি, বই ০৪টি ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসী কার্যে অর্থায়ন করে সন্ত্রাসী অপরাধ সংঘটনের ষড়যন্ত্র ও অপরাধ সংঘটনের প্রচেষ্টায় জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৭-১৭৭**—টাঙ্গাইল জেলার কালিহাতী থানার মামলা নম্বর-১৮, তারিখ-২৪-০৮-১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৬(২)৮/৯/১০/১২/১৩। গত ২৪-০৮-২০১৬ খ্রিঃ তারিখ টাঙ্গাইল জেলার কালিহাতী মডেল থানাধীন বল্লববাড়ী সাকিনস্থ জনৈক আতাউর রহমান এর টিনশেড হাফ বিল্ডিং বাড়ি হতে আসামী মোঃ জুয়েল মিয়া ওরফে ওমর ফারুক (২৬) পিতা-ছমেদ আলীর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-বারুদ, এ্যামোনিয়া ০২ কেজি ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠনের সদস্য হয়ে ধারালো দেশীয় অস্ত্র ও বোমা তৈরীর সরঞ্জাম দখলে রেখে নিষিদ্ধ সত্তা সমর্থন করে সন্ত্রাসী কর্মকাণ্ড সংঘটনের ষড়যন্ত্র, সাহায্য ও সহায়তা, সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করা এবং অপরাধীকে আশ্রয়দানের অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৭-১৭৮**—রাজশাহী মহানগরীর বোয়ালিয়া মডেল থানার মামলা নম্বর-৩১, তারিখ-১৮-১১-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৯ (৩) ধারা। গত ১৮-১১-২০১৬ খ্রিঃ তারিখ রাজশাহী মহানগরীর বোয়ালিয়া মডেল থানাধীন সোনাদিঘির মোড় মসজিদ এর সামনের পাকা রাস্তার উপর আসামী মোঃ আব্দুল বাতেন (২৩), পিতা-বাসেদ শেখ @বাছেদ এর নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-লিফলেট প্রচারপত্র ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত হিজবুত তাহরীর সংগঠনকে সমর্থন করে উক্ত নিষিদ্ধ সংঘঠনের পক্ষে প্রচার ও কার্যক্রম, সদস্য সংগ্রহ, প্রচারপত্র এবং লিফলেট বিতরণ করা অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৭-১৭৯**—পাবনা জেলার সাঁথিয়া থানার মামলা নম্বর-০৫, তারিখ-০২-০৩-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)(ঈ)/৭/১০/১৩। গত ০২-০৩-২০১৬ খ্রিঃ তারিখ পাবনা জেলার সাঁথিয়া থানাধীন ফকিরপাড়া গ্রামস্থ মধ্যপাড়া বড় জামে মসজিদে আসামী মোঃ আবুল কালাম আজাদ (২৭), পিতা-মোঃ মফিজ উদ্দিন ও অন্যান্য আসামীগণের নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-সিডি/ডিভিডি, ভিডিও, রশিদ বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্রের সম্পত্তির ক্ষতিসাধন করার জন্য সন্ত্রাসী কাজে অর্থায়ন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র ও সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২ ও সংশোধনী, ২০১৩) এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৯.১৭-১৮০**—বান্দরবান জেলার বান্দরবান সদর থানার মামলা নম্বর-০২, তারিখ-১২-০৬-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২) এর ১০। গত ১২-০৬-২০১৬ খ্রিঃ তারিখ বান্দরবান জেলার বান্দরবান সদর থানাধীন আসামী মোঃ শোয়েবুল ইসলাম শাহীন (১৯), পিতা-বাবুল হোসেন ও অন্যান্য আসামীগণের নিকট থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-বই, জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্র বিরোধী ধ্বংসাত্বক কার্যক্রম করার জন্য প্রস্তুতি গ্রহণের অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্বারা জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

## সুরক্ষা সেবা বিভাগ

### কারা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২৮ চৈত্র ১৪২৩/১১ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০২৪.০৫.০০২.১৪-২১৪**—যাবজ্জীবন সাজাপ্রাপ্ত কয়েদীদের কারা বিধি ১ম খণ্ডের বিধি ৫৬৯ অনুযায়ী এবং ফৌজদারী কার্যবিধি এর ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত (তেইশ) জন কয়েদীর অবশিষ্ট কারাদণ্ড ও জরিমানা দণ্ড (প্রযোজ্য ক্ষেত্রে) মওকুফ করেছে ঃ

| ক্রমিক নং | কয়েদীর নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| ১. | কয়েদী নং-৯৯৩১/এ, মোহাম্মদ আলী খান @ লেলিন, পিতা-মৃত হুমায়ুন কবির খান, সাং-উত্তর মেদিনী মন্ডল, থানা- লৌহজং, জেলা-মুন্সীগঞ্জ, বয়স-৬৪ বছর। | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| ২. | কয়েদী নং-৮৮৯৯/এ, লেবু মোল্লা, পিতা-নজরুল ইসলাম মোল্লা @ ফটিক মোল্লা, গ্রাম-মঙ্গলহোড়, থানা- দেলদুয়ার, জেলা-টাঙ্গাইল, বয়স-৫৪ বছর। | |
| ৩. | কয়েদী নং-৩২৪৪/এ, মোঃ ইউনুচ আলী, পিতা-মৃত আঃ রহিম, সাং-চন্ডি মন্ডব, থানা-মুক্তাগাছা, জেলা-ময়মনসিংহ, বয়স-৫০ বছর। | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার |
| ৪ | কয়েদী নং-২২৮৮/এ, হাবিবুর রহমান, পিতা-মৃত ইছম উদ্দিন, সাং-গেড়ামারা, থানা-নালিতাবাড়ী, জেলা-শেরপুর, বয়স-৬৭ বছর। | |
| ৫. | কয়েদী নং-২৩৭৭/এ, আবু বক্কর সিদ্দিকী, পিতা-নুর মোহাম্মদ মন্ডল, সাং-বিরাশী, থানা-মুক্তাগাছা, জেলা-ময়মনসিংহ, বয়স-৬২ বছর। | |
| ৬. | কয়েদী নং-৭৮২৫/এ, মোঃ বেলাল উদ্দিন, পিতা-মৃত আছির উদ্দিন, সাং-রক্ষিতপাড়া, থানা-বাগমারা, জেলা-রাজশাহী, বয়স-৪৯ বছর। | রাজশাহী কেন্দ্রীয় কারাগার |
| ৭. | কয়েদী নং-৩৯৮০/এ, আঃ জলিল, পিতা-মৃত মফিজ উদ্দিন, সাং-শ্রীপুর, হাল, সাং-পাংগাসিয়া, থানা-সিংড়া, জেলা-নাটোর, বয়স-৭০ বছর। | নাটোর জেলা কারাগার |
| ৮. | কয়েদী নং-২৬৫৭/এ, মোছাঃ হামিদা খাতুন, স্বামী-সোলেমান আলী, সাং-বলরামপুর, থানা-বীরগঞ্জ, জেলা-দিনাজপুর, বয়স-৫০ বছর। | রংপুর কেন্দ্রীয় কারাগার |
| ৯. | কয়েদী নং-৫৯৯৮/এ, রবিউল হক, পিতা-আঃ খালেক, সাং-উত্তর হকদি, থানা-সদর, জেলা-ফেনী, বয়স-৫৫। | ফেনী জেলা কারাগার |
| ১০. | কয়েদী নং-৯১৫৩/এ, আসিক আলী, পিতা-তহুর আলী, সাং-ভূগলী, থানা-ছাতক, জেলা-সুনামগঞ্জ, বয়স-৬৫ বছর। | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১১. | কয়েদী নং-৮৬৮২/এ, কাজল মিয়া, পিতা-ছাওমনি, সাং-ধুপারহাট, থানা-শ্রীমঙ্গল, জেলা-মৌলভীবাজার, বয়স-৫৫ বছর। | |
| ১২. | কয়েদী নং-৭৩৯৪/এ, আঃ আলীম আলী, পিতা-মৃত আঃ ছাত্তার আলী, সাং-হালুয়াপাড়া, থানা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ, বয়স-৬১ বছর। | |
| ১৩. | কয়েদী নং-৭০১২/এ, রাসু মানকী মুন্ডা, পিতা-রনিয়া মানকী মুন্ডা, সাং-সুরমা চা বাগান, থানা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ, বয়স-৬১ বছর। | |
| ১৪. | কয়েদী নং-৭৭৫০/এ, গোপাল মাংকী মুন্ডা, পিতা-আরজুন মাংকী মুন্ডা, সাং-সুরমা চা বাগান, থানা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ, বয়স-৬৬ বছর। | |
| ১৫. | কয়েদী নং-৯২১২/এ, বদরুল আলম খান, পিতা-আঃ কাদের খান, সাং-গনিপুর, থানা-লাখাই, জেলা-হবিগঞ্জ, বয়স-৪৫ বছর। | হবিগঞ্জ জেলা কারাগার |
| ১৬. | কয়েদী নং-১৮৮০/এ, কবির হোসেন @ কামরুজ্জামান, পিতা-মৃত কেসমত আলী মন্ডল, সাং-দুর্গাপুর, থানা-শ্রীপুর, জেলা-মাগুরা, বয়স-৬৩ বছর। | মাগুরা জেলা কারাগার |
| ১৭. | কয়েদী নং-২৭২২/এ, মান্নান গাজী, পিতা-মৃত হাসেম গাজী, সাং-শ্যামপুর, থানা-বাকেরগঞ্জ, জেলা-বরিশাল, বয়স-৬৪ বছর। | বরিশাল কেন্দ্রীয় কারাগার |
| ১৮. | কয়েদী নং-৯৯৮১/এ, মতলেব আলী মৃধা, পিতা-আর্শ্বেদ আলী মৃধা, সাং-লোন্দা, থানা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী, বয়স-৬৬ বছর। | |

| ক্রমিক নং | কয়েদীর নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| ১৯. | কয়েদী নং-৬৯১৫/এ, আমির আলী মৃধা, পিতা-আর্শ্বেদ আলী মৃধা, সাং-লোন্দা, থানা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী, বয়স-৭৮ বছর। | পটুয়াখালী জেলা কারাগার |
| ২০. | কয়েদী নং-৭১৭০/এ, এনামুল হক, পিতা-এমদাদুল হক আকন, সাং-কেশবপুর, থানা-বাউফল, জেলা-পটুয়াখালী, বয়স-৫০ বছর। | |
| ২১. | কয়েদী নং-৮৭৯৫/এ, শাহজাহান মাঝি, পিতা-আর্শেদ আলী মাঝি, সাং-বোতলবুনিয়া, থানা ও জেলা-পটুয়াখালী, বয়স-৬৫ বছর। | |
| ২২. | কয়েদী নং-৮০২৭/এ, মোঃ নুরুল হক বেপারী, পিতা-মৃত মোহন বেপারী, গ্রাম-সুজাইপাড়া দৌলতপুর, থানা ও জেলা-মাদারীপুর, বয়স-৬৫ বছর। | মাদারীপুর জেলা কারাগার |
| ২৩. | কয়েদী নং-৮৭০১/এ, মোল্লা মিজানুর রহমান @ আবদুল্যা, পিতা- মোল্লা মোসলেম উদ্দিন, সাং-ঘুন্নিপাশা, থানা-ফুলতলা, জেলা-খুলনা, বয়স-৬০ বছর। | দিনাজপুর জেলা কারাগার |

২। এ প্রজ্ঞাপনে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যকতা না থাকলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মোহাম্মদ আলী**
সহকারী সচিব।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**জনবল ব্যবস্থাপনা শাখা-১**

**আদেশ**

তারিখ: ০৪ বৈশাখ ১৪২৪/১৭ এপ্রিল ২০১৭

**নং ১৭.০০.০০০০.০১৫.৫৫.০৩৯.১৪-১৬৫**—যেহেতু, বেগম সেলিনা আক্তার, উপজেলা নির্বাচন অফিসার, বরুড়া, কুমিল্লা গত ০৮-১২-২০১৬ হতে অদ্যাবধি বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন। এর ফলে উপজেলা নির্বাচন অফিস, বরুড়া, কুমিল্লার দাপ্তরিক দৈনন্দিন কার্যক্রম, জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সেবা ও কর্মচারীদের তদারকিসহ নানাবিধ বিষয়ে বিভিন্ন সমস্যা হচ্ছে। এহেন আচরণ অফিস শৃঙ্খলার পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ (ডি) বিধি অনুসারে ডিজারসন (Desertion) এর সংজ্ঞানুসারে শাস্তিযোগ্য অপরাধের সামিল।

২। এক্ষণে, বেগম সেলিনা আক্তার, উপজেলা নির্বাচন অফিসার, বরুড়া, কুমিল্লা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (সি) অনুযায়ী ডিজারসন (Desertion) অপরাধে বিধিমালার ১১ (১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হল এবং নির্বাচন কমিশন সচিবালয় তাঁর সদর দপ্তর নির্ধারণ করা হল।

৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) পাবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ আব্দুল্লাহ্**
সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/২৬ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ১৪.০০.০০০০.০০৩.১১.০৭৭.১২-১২২**—জনাব মোঃ আমান উল্যা মজুমদার, সাবেক ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, কুষ্টিয়া বিভাগ, কুষ্টিয়া বর্তমানে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, টাংগাইল এর বিরুদ্ধে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত-১, কুষ্টিয়াতে ১৫-০৫-২০১৬ তারিখ সিআর-২৭৬/২০১৬ মামলা দায়ের হওয়ায় এবং তিনি ০৫-০১-২০১৭ তারিখ কুষ্টিয়ার অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থিত হয়ে জামিন গ্রহণ করায় বিএসআর পার্ট-১ এর বিধি-৭৩ নোট ১ ও ২ অনুযায়ী তাকে সাময়িক বরখাস্ত করা হল।

০২। এ আদেশ ০৫-০১-২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

০৩। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরাকী ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শ্যাম সুন্দর সিকদার**
সচিব।

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন ও অর্থ**

**পরিপত্রসমূহ**

তারিখ: ০৪ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/১৭ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি গঠন।**

নং **৫৭.০০.০০০০.০৪০.০৬.৪৪.১৭-৪৩৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫ মে, ২০১১ সালের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩. ২০১০-১৪৩ সংখ্যক পরিপত্রমূলে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি নিম্নরূপ গঠন করা হলো:

**মন্ত্রণালয়/বিভাগের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি:**

**আহবায়ক/সভাপতি**

১. যুগ্ম-সচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

২. উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)।

৩. উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে)।

৪. বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

৫. উপসচিব (জনপ্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি:**

১। এই কমিটি রাজস্ব বাজেটভুক্ত ৩য় শ্রেণির পদ সরাসরি নিয়োগ/পদোন্নতি দ্বারা পূরণের জন্য প্রার্থী/পদোন্নতিযোগ্য ফিডার পদধারী এবং ৩য় শ্রেণির কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইমস্কেল মঞ্জুরী সুপারিশ প্রদান করিবে।

২। এই কমিটি ৩য় শ্রেণির পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সিলেকশন গ্রেড/টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের সংশ্লিষ্ট অফিস স্মারক/প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করিবে।

৩। ৪র্থ শ্রেণির পদ হইতে ৩য় শ্রেণির পদে পদোন্নতির জন্য ফিডার পদধারী বাছাই ও সুপারিশ প্রদানও এই কমিটির দায়িত্ব।

৪। ৪র্থ শ্রেণির পদ পূরণের জন্য প্রার্থী বাছাই ও সুপারিশ প্রদান এবং ৪র্থ শ্রেণির কর্মচারীদের সিলেকশন গ্রেড/টাইমস্কেল প্রদানের ক্ষেত্রে সুপারিশ প্রদানের জন্য কোন মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজন মনে করিলে এই কমিটির নিকট দায়িত্ব অর্পণ করিতে পারে অথবা তাহাদের সুবিধা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারে।

বিষয়: **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে কর্মরত ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/ সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি গঠন।**

নং **৫৭.০০.০০০০.০৪০.০৬.৪৪.১৭-৪৩৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ জানুয়ারি, ২০১১ সালের ০৫.১৭০.০২২.২৪.০০. ০৫০.২০১০-৪৫ সংখ্যক পরিপত্রমূলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের এবং ১০ম, ১১শ, ১২শ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতির/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কার্যাদি নিস্পন্ন করার জন্য নিম্নরূপ ভিন্ন দু'টি কমিটি গঠন করা হলো:

**(১) ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতির/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি:**

**(ক) কমিটি গঠন:**

**সভাপতি**

১. সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

৩. অর্থ মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

৪. সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান।

**সদস্য-সচিব**

৫. যুগ্মসচিব/সম পর্যায়ের কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি:**

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তরের ক্যাডারভুক্ত ক্যাডার বহির্ভুত ৭ম, ৮ম, ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনা পূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণির গেজেটেড পদ কর্মকমিশনের আওতাভুক্ত বিধায় ২য়

হইতে ১ম বা ৩য় হইতে ১ম শ্রেণির পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্মকমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভুত থাকিবে।

(২) ১০ম, ১১শ, ১২শ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদান বিষয়ক কমিটি:

**(ক) কমিটি গঠন:**

**সভাপতি**

১. যুগ্মসচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

৩. অর্থ মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

৪. সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

৫. উপসচিব/সম পর্যায়ের কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি:**

(অ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের ১০ম, ১১শ, ১২শ, গ্রেডের ২য় শ্রেণির কর্মকর্তা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশনগ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(আ) বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণির গেজেটেড পদ কর্মকমিশনের আওতাভুক্ত বিধায় ৩য় হইতে ২য় শ্রেণির পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্মকমিশনের আওতাভুক্ত। এই জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভুত থাকিবে।

(ই) বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮ নং বিধি মোতাবেক একই শ্রেণিতে পদোন্নতির ক্ষেত্রে কর্মকমিশনের পরামর্শ নিষ্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণিভুক্ত এক পদ হইতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকিবে।

**মোহাম্মদ শহীদুল্লাহ্**
সহকারী সচিব (প্রশাসন ও অর্থ)।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ বৈশাখ ১৪২৪ /২৪ এপ্রিল ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.০৫১.১৪-১৪৬**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৭৩৪৪ মেজর শাফিন মোহাম্মদ সাদমান খালেক, পদাতিক-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুল্স্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুল্স্) ৭৮ (সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকুরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**পার-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

**নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-২৪৫** তারিখ: ২৪ এপ্রিল ২০১৭ খ্রিঃ

**৩৫তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের পদায়ন সংশোধিত নীতিমালা, ২০১৭**

১.০ নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের পদায়ন:

১.১ স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণের উপজেলা বা তদনিম্ন পর্যায়ের সমমানের শূন্য পদে পদায়ন করবে। পরবর্তীতে পদায়নকৃত সংশ্লিষ্ট চিকিৎসকদের কর্মস্থলে অনুচ্ছেদ ২.১ এ বর্ণিত সময়কাল অতিক্রান্ত হওয়ার পর বদলি/পদায়ন ০৯-০৩-২০১৭ খ্রিঃ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জারিকৃত স্মারক নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০১.২০১৬-১৫৭ এর আলোকে সম্পাদিত হবে।

১.২ যে সকল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর আওতাধীন জেলাসমূহে চিকিৎসক সংকট বেশি রয়েছে সে সকল বিভাগে অগ্রাধিকার ভিত্তিতে চিকিৎসক পদায়ন করা হবে।

১.৩ নব নিয়োগের ক্ষেত্রে শূন্য পদ পূরণের জন্য প্রথমে পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল ও প্রত্যন্ত অঞ্চলে পদায়নের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। (পার্বত্য জেলাসমূহ ব্যতিত দুর্গম উপজেলাসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নং-মপবি/মাপ্রস/২(১৪৩)/২০০২-২০০৪-৪৯, তারিখ: ১৯-০৪-২০০৪ এ বর্ণিত তালিকা অনুযায়ী নির্ধারিত)।

১.৪ পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল এবং দুর্গম উপজেলা বা বর্ণিত জেলা ও উপজেলায় তদনিম্ন পর্যায়ে পদায়নকৃত চিকিৎসকগণের ০১ (এক) বছর কর্মকাল উত্তীর্ণ হবার পর উক্ত কর্মস্থল হতে প্রত্যাহারপূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) অপেক্ষাকৃত সুবিধাজনক স্থানে পদায়ন করতে পারবেন। বর্ণিত কারণে কোন চিকিৎসক অবমুক্ত হবার পূর্বেই পার্বত্য জেলা, দ্বীপাঞ্চল এবং দুর্গম উপজেলা পর্যায়ে অন্য চিকিৎসকের পদায়ন ও যোগদান নিশ্চিত করবেন।

১.৫ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নির্দিষ্ট পদে পদায়ন করার পর স্বাস্থ্য অধিদপ্তর নব নিয়োগকৃত চিকিৎসকগণের ৪ (চার) সপ্তাহ মেয়াদি প্রশিক্ষণের আয়োজন করবে। এ সময়কালে নব নিয়োগকৃত চিকিৎসকগণ বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে ০৩ (তিন) দিন, জেলা হাসপাতালে ০৭ (সাত) দিন, সিভিল সার্জন কার্যালয়ে ০৩ (তিন) দিন, উপজেলা পর্যায়ে ০৭ (সাত) দিন অবশিষ্ট সময়কাল উপজেলা হেলথ কমপ্লেক্সে অফিস ব্যবস্থাপনা, হাসপাতাল ব্যবস্থাপনা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং পুষ্টি বিষয়ক কর্মসূচী বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবে। বিভাগীয় পর্যায়ে এক দিন শুধুমাত্র আইসিটি, এমআইএস, টেলিমেডিসিন ও অটিজম বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.০ নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের বদলি/উচ্চতর ডিগ্রী:

২.১ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন পর্যায়ে ০২ (দুই) বছর চাকরিকাল উর্ত্তীণ হওয়ার পর পদ শূন্যতার ভিত্তিতে জেলা হাসপাতালে চিকিৎসকগণ পদায়নের সুযোগ পাবেন। নতুন নিয়োগপ্রাপ্ত দন্ত চিকিৎসকগণের প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ পদায়ন করা হবে। ০২ (দুই) বছর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পদায়ন থাকার পর শূন্যতার ভিত্তিতে দন্ত চিকিৎসকগণকে জেলা পর্যায়ের হাসপাতালে পদায়ন করা যেতে পারে।

২.২ উপজেলা বা তদনিম্ন পর্যায়ে ০২ (দুই) বছর চাকরি করার পর নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকগণ এমডি/এমএস/এফসিপিএস/ এমপিএইচ/ডিপ্লোমা বা সমমানের উচ্চতর কোর্স করার সুযোগ পাবেন। পদ শূন্যতার ভিত্তিতে তাঁদেরকে জেলা হাসপাতালে পদায়ন করা যেতে পারে।

২.৩ এনাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, প্যাথলজি, কমিউনিটি মেডিসিন ও ফরেনসিক মেডিসিন বিষয়ে এমএস/এমফিল/সমমানের ডিগ্রী অর্জনকারী নব নিযুক্ত চিকিৎসকগণের মেডিকেল কলেজে পদায়ন করা যাবে। বর্ণিত বিষয়সমূহ ব্যতিত অন্য কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জনকারীগণ এ শর্তের সুবিধা প্রাপ্ত হবেন না। সংশ্লিষ্ট বিষয়ে পদ খালি না থাকলে অন্য বিষয়ের পদের বিপরীতে এ ধরনের পদায়ন করা যাবে না।

২.৪ এ্যানেসথেসিয়া বিষয়ে এমডি/এফসিপিএস/ডিএ/সমমানের ডিগ্রী অথবা ন্যূনতম এক বছরের প্রশিক্ষণ প্রাপ্ত চিকিৎসকগণকে উপজেলা পর্যায়ের নিম্নে পদায়ন করা যাবে না। প্রয়োজনে তাঁদেরকে ইওসিভুক্ত উপজেলা/জেলা সদরে পদায়ন করতে হবে।

২.৫ স্বামী-স্ত্রী সরকারি চাকুরিজীবী হলে বিধি মোতাবেক একই কর্মস্থলে পদায়নের বিষয় বিবেচনা করা হবে। তবে এক্ষেত্রে অনুচ্ছেদ ২.১ এর বিধান অনুসরণ করতে হবে।

২.৬ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২ এপ্রিল ২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৫.০০৬.১৬-৮২ নং প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (ঝ) ও (ট) এ বর্ণিত বিধানাবলী বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরে সম্পন্ন করা হবে।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**পাট-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ মে ২৩০১৭

**নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৫.১৬-১৩৮**—"পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০", "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩ এবং পাট আইন ২০১৭ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত জেলা পর্যায়ে নিম্নোক্ত মনিটরিং কমিটি গঠন করা হলো :

**উপদেষ্টা**

(১) মাননীয় সংসদ সদস্য/জেলা পরিষদের চেয়ারম্যান/ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর মেয়র/পৌরসভার মেয়র।

**আহ্বায়ক**

(২) জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

(৩) পুলিশ সুপর

(৪) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)

(৫) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(৬) সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

(৭) সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

(৮) উপমহাব্যবস্থাপক (সকল ব্যাংক)

(৯) উপপরিচালক, বিআরডিবি

(১০) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(১১) উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস

(১২) জেলা এডজুটেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি

(১৩) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

(১৪) নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

(১৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক

(১৬) সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

(১৭) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

(১৮) চেয়ারম্যান, উপজেলা পরিষদ

(১৯) সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার

(২০) বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে)

(২১) জেলা শিক্ষা অফিসার

(২২) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা

(২৩) জেলা সমবায় কর্মকর্তা

(২৪) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(২৫) জেলা মৎস্য কর্মকর্তা

(২৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

(২৭) সহকারী কমিশনার, কাস্টমস ও ভ্যাট

(২৮) পরিবেশ অধিদপ্তরের জেলা পর্যায়ের প্রতিনিধি

(২৯) কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ

(৩০) সভাপতি, জেলা প্রেস ক্লাব

(৩১) প্রতিনিধি, বাংলাদেশ অটো রাইস মিলস ওনার্স এসোসিয়েশন।

(৩২) প্রতিনিধি, বাংলাদেশ অটোমেজর এন্ড হাসকিং মিল মালিক সমিতি।

(৩৩) প্রতিনিধি, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি

(৩৪) প্রতিনিধি, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন

(৩৫) প্রতিনিধি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন

(৩৬) প্রতিনিধি, বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতি।

(৩৭) প্রতিনিধি, বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন (বিজেএমসি)।

(৩৮) প্রতিনিধি, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ)।

(৩৯) প্রতিনিধি, জেলা পাটচাষী সমিতি

(৪০) এনজিও প্রতিনিধি ১ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

**সদস্য-সচিব**

(৪১) সহকারী পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা

২। **কমিটির কার্যপরিধি :**

(ক) জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" এবং "পাট আইন, ২০১৭" এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(খ) "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" এবং "পাট আইন, ২০১৭" অনুযায়ী স্থানীয়ভাবে পাটজাত পণ্যের ব্যবহার ও বাজার সম্প্রসারণে পদক্ষেপ ও সহযোগিতা প্রদান;

(গ) কমিটি প্রতিমাসে একটি করে সভা করবে। কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ মূল্যায়ন ও বাস্তবায়নের নিমিত্ত সদস্য সচিব প্রতিবেদনসহ পরবর্তী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করবে এবং এ সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পাট অধিদপ্তরে প্রেরণ করবে;

(ঘ) যে সকল জেলায় সহকারী পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা নেই সে সকল জেলায় জেলা প্রশাসক কর্তৃক সদস্য-সচিব মনোনীত হবে; ও

(ঙ) কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্য কো-অপ্ট এবং উপকমিটি গঠন করতে পারবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ হায়দার আলী মোল্লা**
সহকারী সচিব।